গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৭ আগস্ট ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ০৯:৩০ টা
স্থান	সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে জুম প্ল্যাটফর্মে সংযুক্ত এবং সশরীরে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u>
সভাপতি কর্তৃক গত ২৪ জুন, ২০২৪ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপস্থিত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন উল্লিখিত কার্যবিবরণীর ৫ নং ক্রমিকে গৃহীত ২নং সিদ্ধান্তে গঠিত কমিটির সদস্য হিসেবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন এর স্থলে "অতিরিক্ত প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ, রাজশাহী জোন এর প্রতিনিধি" শব্দসমূহ প্রতিস্থাপনের অনুরোধ জানান।</td><td>গত ২৪ জুন, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীর ৫ নং ক্রমিকে গৃহীত ২নং সিদ্ধান্তে গঠিত কমিটির সদস্য হিসেবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন এর স্থলে "অতিরিক্ত প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ, রাজশাহী জোন এর প্রতিনিধি" শব্দসমূহ প্রতিস্থাপন করে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:</u>
বিগত ৩০ এপ্রিল, ২০২৪ ও ২৪ জুন, ২০২৪ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>এপ্রিল/২৪</td><td>৪৫</td><td>৪২</td><td>৯৩.৩৩%</td></tr>
<tr><td>জুন/২৪</td><td>৫৭</td><td>৫৬</td><td>৯৮.২৪%</td></tr>
</table>
সভায় শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>৩</td><td><u>আইএমইডি:</u></td><td></td><td></td></tr>
</table>

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় ভার্চুয়ালি জুম প্ল্যাটফর্মে সংযুক্ত থেকে আইএমইডি'র প্রতিনিধি জনাব মো: আনোয়ার ইমাম জানান যে, আইএমইডি'র পক্ষ থেকে সরকারি প্রকল্প পরিবীক্ষণ কাজ অব্যাহত আছে। আইএমইডি'র কর্মকর্তাগণ নিয়মিত সরেজমিনে প্রকল্প পরিদর্শন ছাড়াও অনলাইনে প্রকল্প মনিটরিং করে থাকে। আইএমইডি'র জেলা পর্যায়ে অফিস না থাকায় সীমিত জনবল দ্বারা বৃহৎ প্রকল্পের ক্ষেত্রে সকল জেলার কার্যক্রম সরেজমিন পরিদর্শন সম্ভব হয় না। বিভাগীয় এবং জেলা পর্যায়ে কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তবায়ন কাজ নিয়মিত মনিটরিং ও সুপারভিশন কার্যক্রম অব্যাহত রাখলে প্রকল্প বাস্তবায়নের গতি বৃদ্ধি পাবে। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায়- অনেক প্রকল্পের অগ্রগতির হার আশানুরূপ হয়নি। সরকারি অর্থের সাশ্রয় এবং নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন জরুরি। এ ধরনের ধীরগতির প্রকল্প বিশেষভাবে মনিটরিং-এর জন্য বিভাগীয় উন্নয়ন সভায় আলোচনা করা হয়। রাজশাহী বিভাগের এ ধরনের কয়েকটি প্রকল্পের তথ্য তিনি সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	চলমান উন্নয়ন প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল	মোট প্রাক্কলিত ব্যয়	২০১৩-২০২৪ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ	জুলাই ২০২৪ পর্যন্ত অগ্রগতি	
				আর্থিক	ভৌত গড় (%)
সড়ক পরিবহন বিভাগ/ সড়ক ও জনপথ অধিদপ্তর	সিরাজগঞ্জ -কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি) -ধুনট-সোনামুখী (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ। মেয়াদ: ০১/১০/২০19-30/06/20২5	১০২৮৬১.০০	২৫০০০.০০	৫০০২৩.০০ (৪৪.৬৩%)	৪৭%
	নওগাঁ সড়ক বিভাগাধীন ০৩টি আঞ্চলিক মহাসড়ক ও ০৩টি জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ। ০১/০৪/২০২২-৩০/১২/২০২৫	১২১৬৩৮.০০	৩৫৮৯৮.০০	৩৪২৩৫.০০ (২৮.১৪%)	২৮%
স্থানীয় সরকার বিভাগ (পৌরসভা অংশ)	পৌরসভায় পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণ প্রকল্প। মেয়াদ: সেপ্টেম্বর ২০২১-ডিসেম্বর ২০২৬	১১৪১৫২.১১	৪১৯২.০০	৪৮৫০.৩৭ (৪.২৫%)	৮%

১। নির্ধারিত সময়ে ও অর্থের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত সরেজমিন পরিদর্শন করতে হবে।

১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা

২। জেলা প্রশাসক(সকল) রাজশাহী বিভাগ

৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৪	১৭৫০৭০.০০	৪৬৮০০.০০	৯৫২০৫.৪৬ (৫৪%)	৬৬%
পানি সম্পদ মন্ত্রণালয় (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড)	সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ব্রাহ্মণগ্রাম-হাটপাঁচিল ও তৎসংলগ্ন এলাকায় যমুনা নদীর ডান তীর সংরক্ষণ এবং বেতিল স্পার-১ এবং এনায়েতপুর স্পার-২ শক্তিশালীকরণ প্রকল্প (১ম সংশোধিত) মেয়াদ: জুলাই ২০২১ হতে জুন ২০২৫	৬৫৩৫৩.০০	১৩০০০.০০	২৮১৬৪.৬৪ (৪৩.১০%)	৫২.৭৪

৪	**স্বাস্থ্য বিভাগ :** বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী জানান যে, এ বিভাগে মাংকিপক্সে কেউ আক্রান্ত হয়নি। চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জে সোনামসজিদ পোর্টে মেডিক্যাল টিম সক্রিয় আছে। কেউ আক্রান্ত হলে Notify করবে। দ্রুত চিকিৎসা নিবে। তিনি আরো জানান যে, কোটা সংস্কার আন্দোলনে হাসপাতালে আগত রোগী ১৪১২ জন। তন্মধ্যে ৮৯৬ জন বহি:বিভাগ/জরুরি বিভাগ থেকে সেবা নিয়ে চলে যায়। বাকিরা ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছে। মোট মৃত্যু ২২ জন। তন্মধ্যে ছাত্র ৫ জন। এ বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত ২৬০ জন। কেউ মারা যায়নি। ডেঙ্গুতে প্রতিরোধে বাড়ির চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। মাংকিপক্সে প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। ডেঙ্গু প্রতিরোধে বাড়ির চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী

৫	<u>রাজশাহী ওয়াসা:</u> সচিব, রাজশাহী ওয়াসা জানান যে, রাজশাহী ওয়াসা কর্তৃক প্রণীত সোনাদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে সাহান্দিপুর (RHD Chainage ১৬৯ + ২০০ থেকে ১৭৩+২০০) পর্যন্ত ৪ কি.মি. RoW-তে বিদ্যমান ৬০ জন এবং সাহান্দিপুর হতে উজানপারা (RHD Chainage ১৭৩+২০০ থেকে ১৭৫+২০০) পর্যন্ত ২ কি.মি. ৮৬ জন অবৈধ স্থাপনার তালিকা রাজশাহী সড়ক ও জনপথ বিভাগকে প্রদান করা হয় ও অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। রাজশাহী সড়ক ও জনপথ বিভাগ ০১.০৭.২০২৪ তারিখে সোনাদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে সাহান্দিপুর (RHD Chainage ১৬৯+২০০ থেকে ১৭৩+২০০) পর্যন্ত ৬০ জনকে ১০ (দশ) দিনের মধ্যে অবৈধ স্থাপনা সরিয়ে নেয়ার জন্য নোটিশ প্রদান করেছে এবং সাহান্দিপুর হতে উজানপারা (RHD Chainage ১৭৩+২০০ থেকে ১৭৫+২০০) পর্যন্ত ৮৬ জনকে অবৈধ স্থাপনা সরিয়ে নেয়ার জন্য শ্রীঘই নোটিশ প্রদান করবে। সড়ক ও মহাসড়কের জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনায় প্রদত্ত ইউটিলিটি (পানি, বিদ্যুৎ, গ্যাস) সংযোগ বিচ্ছিন্নকরণে সংশ্লিষ্ট দপ্তরসমূহের মধ্যে সমন্বয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে কাশিয়াডাঙ্গা হতে গোদাগাড়ী মহাসড়কে রাজশাহী ওয়াসার Transmission Pipe Line স্থাপনের ক্ষেত্রে সড়কের ROW-তে গড়ে উঠা অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদে রাজশাহী ওয়াসা, সড়ক বিভাগ ও জেলা প্রশাসন, রাজশাহীর সহযোগিতা নিয়ে সড়ক ও মহাসড়কের Right of Way জেনে অবৈধ স্থাপনার তালিকা করে সেগুলো উচ্ছেদের কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। তিনি আরও জানান যে, আসন্ন বন্যার প্রস্তুতি হিসেবে পর্যাপ্ত খাবার পানির ব্যবস্থা করা হয়েছে।	১। কাশিয়াডাঙ্গা হতে গোদাগাড়ী সড়ক ও মহাসড়কের জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনার ইউটিলিটি (পানি, বিদ্যুৎ, গ্যাস) সংযোগ বিচ্ছিন্ন করে তাদের উচ্ছেদের ব্যবস্থা করতে হবে। ২। বন্যার প্রস্তুতি হিসেবে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করতে হবে।	১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী

৬	**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ:** পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী জানান যে, সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি পরিবর্তন করে মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার বা তাঁর প্রতিনিধি, জেলা পর্যায়ের ক্ষেত্রে জেলা প্রশাসক বা তাঁর প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হলেও উপজেলা পর্যায়ে শুধুমাত্র উপজেলা নির্বাহী অফিসারগণকে সভাপতির দায়িত্ব প্রদান করা হয়েছে। এক্ষেত্রেও প্রতিনিধি নিয়োগের ব্যবস্থা থাকা প্রয়োজন। সভাপতি, উপজেলা পর্যায়েও উপজেলা নির্বাহী অফিসারগণের প্রতিনিধি নিয়োগের অনুমতি প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পত্র দেওয়া হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও তিনি শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ফেরত নেয়ার বিষয়েও সভায় গুরুত্বারোপ করেন। সভাপতি চলমান পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক সুযোগ নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করলে তার/তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, বিশৃঙ্খলা এবং ফৌজদারি অপরাধ কখনও তামাদি হয় না। তিনি এ বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য জন্য আহ্বান জানান। এছাড়াও তিনি আন্তঃদপ্তর বিরোধ যাতে সৃষ্ট না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সভায় গুরুত্বারোপ করেন।	১। শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ফেরত নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। চলমান পরিস্থিতির সুযোগ নিয়ে কোন শিক্ষক/শিক্ষকেরা বিশৃঙ্খলা সৃষ্টি করলে তার/তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। আন্তঃদপ্তর বিরোধ সৃষ্টির সম্ভাবনা থাকলে তা আলোচনার মাধ্যমে নিরসন করতে হবে।	১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ২। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭	**আঞ্চলিক নির্বাচন অফিস:** এনআইডি কার্ড সংশোধনের ক্ষেত্রে অধিক সতর্কতা অবলম্বন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ ক্ষেত্রে কোনো দুর্নীতি হলে দায়ী ব্যক্তিদেরকে চিহ্নিত করে শাস্তির আওতায় আনার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এনআইডি কার্ড সংশোধনের আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক দ্রুত নিষ্পত্তি করার জন্য সভায় আলোচনা করা হয়।	১। যাচাই-বাছাই করে দ্রুত এনআইডি কার্ড সংশোধনের আবেদনসমূহ নিষ্পত্তি করতে হবে।	১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৮	**পানি উন্নয়ন বোর্ড:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, রামপুর, বোয়ালিয়া, রাজশাহী গঙ্গা নদীর পানির বিপদসীমা ১৮.০৫ মিটার। ২৩/০৮/২০২৪ তারিখে গঙ্গা নদীর পানির সীমা ১৬.২০ মিটার। ২৪/০৮/২০২৪ তারিখে গঙ্গা নদীর পানির সীমা ১৬.২৪ মিটার। ২৫/০৮/২০২৪ তারিখে গঙ্গা নদীর পানির সীমা ১৬.২৪ মিটার। ২৬/০৮/২০২৪ তারিখে গঙ্গা নদীর পানির সীমা ১৬.২৭ মিটার। ২৭/০৮/২০২৪ তারিখে গঙ্গা নদীর পানির সীমা ১৬.৩০ মিটার। ৩১/০৮/২০২৪ তারিখ পর্যন্ত গঙ্গা নদীর পানির বৃদ্ধির সর্বোচ্চ সীমা ১৬.৩৮ মিটার। অর্থাৎ পানি বৃদ্ধি অব্যাহত থাকলেও তা বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। তবে এ বছর রাজশাহী অঞ্চলে বন্যা হওয়ার সম্ভাবনা নেই বলে সভাকে অবহিত করেন। তথাপিও বন্যা পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। বন্যা পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী

৯	<u>**খাদ্য বিভাগ:**</u> আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, রাইস মিল (অটোমেটিক ও হাস্কিং) থেকে পাইকারী ও খুচরা পর্যায়ে সরবরাহকৃত চালের সুষ্ঠু ব্যবস্থাপনা, উৎপাদন, সরবরাহ, মূল্য অবহিতকরণ সংক্রান্ত খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা বাস্তবায়নের জন্য জেলা প্রশাসন, খাদ্য বিভাগীয় কর্মকর্তা, চালকল মালিক ও চাল ব্যবসায়ীদের নিয়ে সভা করা হয়েছে। সকল উপজেলায় স্থানীয় প্রশাসন, চালকল মালিক ও ব্যবসায়ীদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া পরিপত্রটি লিফলেট আকারে বিতরণ করা হয়েছে এবং বিভিন্ন মাধ্যমে প্রচার-প্রচারণা ও মাইকিং করা হয়েছে। এ বিষয়ে উক্ত দপ্তর হতে মনিটরিং প্রতিবেদন দৈনিক খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা হচ্ছে। পরিপত্র বাস্তবায়ন কার্যক্রমের তদারকি অব্যাহত রয়েছে। চলতি বোরো সংগ্রহ ২০২৪ এর আওতায় রাজশাহী বিভাগের সিদ্ধ চাল সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা =২,২৪,০০৯ মে.টন। সংগ্রহ(৩০/০৭/২০২৪ পর্যন্ত) =১,৮৪,৫৭৬.৬৯০ (৮০.৮৭%)মে. টন। বিভাগের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা=৬৯,৫২৩ মে.টন। সংগ্রহ(৩০/০৭/২০২৪পর্যন্ত) =২৪,০৫০.৪৯০ (৩৪.৫৯ %) মে. টন। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং অব্যাহত রয়েছে।	১। চাল উৎপাদনকারী মিলারগণ খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুসরণ করছেন কিনা তা মনিটরিং করতে হবে। ২। সংশ্লিষ্ট পরিপত্রের নির্দেশনা অমান্যকারী মিলারগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। ধান ও চাল সংগ্রহ অভিযান আরো জোরদার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী

১০	**কৃষি বিভাগ:** অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল সভায় উপস্থিত না থাকায় তাঁর মতামত জানা যায়নি। তবে গত সভার কার্যবিবরণীর অগ্রগতি হতে জানা যায় যে, আগামী আম মৌসুমের পূর্বেই বিভাগীয় পর্যায় হতে আম ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে পরিমাপ পদ্ধতি নির্ধারণ করে দেয়া উত্তম হবে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল জানান যে, বগুড়া অঞ্চলে পাবনা জেলা আম ও লিচু এর মধ্যে অন্যতম। গত ২০২৩-২৪ অর্থ বছরে শুধু পাবনা জেলা আম এর উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে প্রায় ৪০,৯৫০ মে.টন। তাছাড়া অত্র অঞ্চলে সকল জেলা সঠিক সময়ে আম ক্রয়-বিক্রয় করা হয়ে থাকে এ বিষয়ে সর্বাক্ষনিক মাঠ পর্যায়ে কৃষি কর্মকর্তাগণ তৎপর রয়েছেন। আগামী আম মৌসুমে আম ক্রয়-বিক্রয় ক্ষেত্রে পরিমাপ পদ্ধতি নির্ধারণ বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। রাজশাহী অঞ্চলের তথ্যমতে, রাজশাহী অঞ্চলে (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা) ২ ফসলি জমির পরিমাণ ৩ লক্ষ ৪ শত ৭৮ হেক্টর এবং ৩ ফসলি জমির পরিমান ২ লক্ষ ৮৪ হাজার ৩ শত ৮৯ হেক্টর। ২/৩ ফসলি জমিতে বিনা অনুমতিতে পুকুর খননের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলার উপপরিচালকগণকে অবহিত করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল জানান যে, ২/৩ ফসলি জমিতে বিনা অনুমতিতে পুকুর খননের বিরুদ্ধে উপজেলা কৃষি অফিসারগণ, উপজেলা নির্বাহী অফিসারের সহায়তায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে। এছাড়াও ক) কৃষকদের উচ্চ মূল্যের ফল ও সবজি আবাদে উদ্বুদ্ধ করা এবং খ) অধিক মুনাফার জন্য ইটভাটার মাটি সংগ্রহকারী দালালচক্রের কথা না শোনার জন্য উদ্বুদ্ধকরণ কর্মসূচি চলমান রয়েছে। রাজশাহী অঞ্চলের তথ্যমতে, রাজশাহী অঞ্চলে ৪ টি জেলার মধ্যে শুধুমাত্র নাটোর জেলায় ১০২ হেক্টর জমিতে তামাক চাষ হয়ে থাকে। তবে তামাক চাষ নিরুৎসাহিত করতে ধারাবাহিকভাবে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান থাকায় তামাক চাষের আওতায় আবাদি জমির পরিমাণ ক্রমান্বয়ে কমে যাচ্ছে। তামাক চাষ গত ২০২২-২৩ মৌসুমে ১০২ হেক্টর জমিতে হলেও পরবর্তী ২০২৩-২৪ মৌসুমে হয়েছে ৯০ হেক্টর। অর্থাৎ ১২ হেক্টর কম হয়েছে। তামাক চাষে কৃষকদেরকে নিরুৎসাহিতকরণ চলমান রয়েছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল জানান যে, সুস্থ সমাজ গড়ার লক্ষ্যে উদ্বুদ্ধকরণের মাধ্যমে বগুড়া অঞ্চলের সকল জেলায় তামাক চাষে কৃষকদের নিরুৎসাহিত করার পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। রাজশাহী অঞ্চলের তথ্যমতে, সেপ্টেম্বর-অক্টোবর মাসে রাজশাহী বিভাগে সম্ভাব্য বন্যা মোকাবেলায় আপদকালীন রোপা আমন ধানের নাবী জাতের বীজতলা প্রস্তুত রাখার জন্য কৃষক/ কৃষাণীদের উদ্বুদ্ধকরণ করাসহ সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা হচ্ছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল জানান যে, সেপ্টেম্বর-অক্টোবর ২০২৪ মাসে সম্ভাব্য বন্যা মোকাবেলার প্রস্তুতি বিষয়ে কৃষকদের অবহিতকরণ লিফলেট বিতরণ করা হয়েছে। তাদেরকে নিম্নরূপ বার্তা প্রদান করা হয়েছেঃ ক) মাঠে দন্ডায়মান আমন ধানে চারা ধুয়ে/স্প্রে করে পরিষ্কার করা। খ) বিঘা প্রতি ৫ কেজি এমওপি সারসহ ইউরিয়া সার দ্রুত উপরি প্রয়োগ করা । গ) মরিচ, পেঁয়াজ, শাকসবজিসহ আগাম রবি ফসলের জমিতে প্রতি ১ মিটার পর পর ৩০-৪০ সে.মি গভীর নালা তৈরি করে দ্রুত পানি নিষ্কাসন করা। অধিকন্তু বন্যা মোকাবেলায় সর্বদা প্রস্তুত থাকার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	১। সুস্থ সমাজ গড়তে তামাক চাষে কৃষকদেরকে নিরুৎসাহিত করতে হবে। ২। বন্যার পর কৃষি পুনর্বাসনে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল

১১	**বনবিভাগ:** বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, আকাশমনি গাছ সরকারিভাবে নিষিদ্ধ না হওয়ায় এবং এটি সামাজিক বনায়ন কার্যক্রমে অগ্রাধিকার পাওয়ায় বাগান সৃজনে রাখা হচ্ছে। ইউক্যালিপটাস গাছ সরকারিভাবে নিষিদ্ধ হওয়ায় সরকারি নার্সারীতে উত্তোলন বন্ধসহ সামাজিক বনায়নে সৃজিত বাগানে রোপন করা হচ্ছে না। তবে জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে সামাজিক বনায়ন কার্যক্রমে বিবিধ জাতের ফলের চারা লাগানোর জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধকরণ চলমান আছে। সামাজিক বনায়নে বনজ, ঔষধের পাশাপাশি ১০% ফলের চারা রোপন করা হচ্ছে। তাছাড়া সভায় বিদেশী কোনো গাছ লাগানোর ক্ষেত্রে প্রণোদনা প্রদান না করার উপর গুরুত্বারোপ করা হয়।	১। সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় পরিবেশের জন্য ক্ষতিকর গাছ না লাগিয়ে পরিবেশবান্ধব বটগাছসহ অন্যান্য কাঠের গাছ এবং জাম, পেয়ারা, কুল প্রভৃতি ফলের গাছ লাগাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
১২	**গণপূর্ত বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, সাম্প্রতিক ছাত্র-জনতার বিপ্লবের সময় রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কার্যালয় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া আঞ্চলিক নির্বাচন অফিসসহ অন্যান্য কিছু সরকারি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। সভাপতি ক্ষতিগ্রস্ত অফিসসমূহ দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানান।	১। ক্ষতিগ্রস্ত দপ্তরসমূহ দ্রুত মেরামত করতে হবে।	১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৪। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১৩	**সড়ক বিভাগ:** সড়ক ও জনপথ বিভাগের জমি বেদখল করে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সড়ক ও মহাসড়কের জমিতে অবস্থিত অবৈধ স্থাপনার তালিকা করে জেলা প্রশাসনের সহায়তায় সেগুলো উচ্ছেদের কার্যক্রম পরিচালনা করা এবং নতুন করে আর যেন একটিও অবৈধ স্থাপনা গড়ে না উঠে, সে বিষয়ে নিয়মিত তদারকি করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	১। সড়ক বিভাগকে জেলা প্রশাসনের সহযোগিতা নিয়ে সড়ক ও মহাসড়কের জমিতে অবস্থিত অবৈধ স্থাপনা চিহ্নিত করে সেগুলো উচ্ছেদের কার্যক্রম নিয়মিতভাবে চালিয়ে যেতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন। ৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

১৪	<u>বিআরটিএ:</u> উপপরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, রাজশাহী বিভাগ, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের আওতাধীন ৮টি জেলায় ফিটনেস/লাইসেন্সবিহীন মোটরযান, অতিরিক্ত গতিতে চলাচলরত মোটরযান ও মহাসড়কে ৩ চাকার যানবাহনসহ অবৈধ মোটরযানের বিরুদ্ধে ব্যাপক আকারে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। ১লা জুন/২০২৪ হতে ১৫ জুলাই/২০২৪ পর্যন্ত সময়ে রাজশাহী বিভাগে মোবাইল কোর্টের মাধ্যমে ৪৮৯টি মামলা ও ১১,০৫,৫০০/- (এগারো লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা আদায় করা হয়েছে। সড়ক দুর্ঘটনা এড়াতে ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় চলতে না দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রাজশাহী বিভাগের ৮টি জেলায় ২৯,৯৯১টি ফিটনেসবিহীন গাড়ি রয়েছে। ফিটনেসবিহীন গাড়িগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা প্রশাসন, পুলিশ ও বিআরটিএ কর্তৃক ফিটনেসবিহীন গাড়িগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ আরো জোরদার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। সড়ক দুর্ঘটনা এড়াতে ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় চলতে দেওয়া যাবে না। ২। জেলা/উপজেলা প্রশাসন, পুলিশ ও বিআরটিএ কর্তৃক ফিটনেসবিহীন গাড়িগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ জোরদার করতে হবে।	১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৫	<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে রাজশাহী বিভাগে বরাদ্দকৃত ৫,৭১১টির মধ্যে ৪,৬৭৫টি নলকূপ হস্তান্তর করা হয়েছে। উপজেলা পরিষদের চাহিদামাফিক অবশিষ্ট ১০৩৬টি পানির উৎস স্থাপন কাজ চলমান আছে। উপজেলা পরিষদের চাহিদা মাফিক অবশিষ্ট পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে।	১। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল

১৬	<u>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:</u> পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী জানান যে, গবাদিপশুকে সুস্থ রাখতে স্বাস্থ্যসম্মত বাসস্থান, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পরিমাণমত সুষম খাবার সরবরাহ এবং কৃমি দমন ব্যবস্থার বিষয়ে উঠান বৈঠকসহ সচেতনতালূক কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বন্যার সময় হাঁস-মুরগী ও গবাদি পশুর পর্যাপ্ত খাদ্যের ব্যবস্থা করা এবং এদের রোগ-বালাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। গবাদিপশুকে সুস্থ রাখতে স্বাস্থ্যসম্মত বাসস্থান, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পরিমাণমত সুষম খাবার সরবরাহ এবং কৃমি দমন ব্যবস্থার বিষয়ে উঠান বৈঠকসহ সচেতনতালূক কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। বন্যার সময় গবাদি পশু ও হাঁস-মুরগীর খাবারের ব্যবস্থা করা এবং রোগ-বালাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। গবাদিপশুকে সুস্থ রাখতে স্বাস্থ্যসম্মত বাসস্থান, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পরিমাণমত সুষম খাবার সরবরাহ এবং কৃমি দমন ব্যবস্থার বিষয়ে উঠান বৈঠকসহ সচেতনতালূক কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
১৭	<u>মৎস্য বিভাগ:</u> উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে জুলাই, ২০২৪ মাস পর্যন্ত ক) মৎস্য সংরক্ষণ আইন :১৩৯টি, খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন:০৯টি, এবং গ) মৎস্য হ্যাচারি আইন :০৫টি যার মধ্যে ২৯টি মোবাইল কোর্ট, ১২৪টি অভিযান বাস্তবায়নসহ মোট ০৩টি মামলা এবং ০.৭১৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না, তা মনিটর করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। বেসরকারী হ্যাচারি ও মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয় এবং প্রতি বছর নবায়ন করা হয়। এ পর্যন্ত ২১২ টি বেসরকারী হ্যাচারি ও ৯৮০ টি মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ সুষ্ঠভাবে বাস্তবায়িত হয়েছে। এ উপলক্ষ্যে ২৫২টি মতবিনিময় সভা, ৩০৭ জন অংশীজনকে পুরস্কার প্রদান, ২০৭৯ কেজি পোনা অবমুক্তকরণ, ৫৪ টি স্থানে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা এবং ১৯১জনকে উপকরণ বিতরণ ও ২২৯৬জনকে পরামর্শ প্রদান করা হয়। জীবিত মাছ পরিবহনে চাষীদেরকে নিরুৎসাহিত করা হচ্ছে। তিনি আরও জানান যে, বন্যার কারণে রাজশাহী বিভাগে কোন মৎস্য খামার ক্ষতিগ্রস্ত হয়নি। তাছাড়া মৎস্য সপ্তাহে মৎস্য পোনাও বিতরণ করা হয়েছে।	১। জেলা ও উপজেলা পর্যায়ে মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না, তা মনিটরিং করতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ

১৮	<u>ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:</u> উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং অব্যাহত রয়েছে। ০১ জুন থেকে ৩০ জুন-২০২৪ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয় সমূহ কর্তৃক পরিচালিত মোট ৭৭টি বাজার অভিযানের মাধ্যমে ১৯৬ টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ১৬,৮৯,৫০০/-(ষোল লক্ষ ঊননব্বই হাজার পাঁচশত) টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক বাজার অভিযানে যাওয়ার আগে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসককে অবহিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে। ২। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক বাজার অভিযানে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসককে অবহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
১৯	<u>সমাজসেবা অফিস:</u> পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী এর প্রতিনিধি হিসেবে অতিরিক্ত: পরিচালক জানান যে, ভাতা প্রদানের ক্ষেত্রে এক ব্যক্তি যেন একাধিক সুবিধা না পায় এবং যে প্রকৃত হকদার সে যেন ভাতা প্রাপ্তি হতে বঞ্চিত না হয় সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে যেকোনো দুর্নীতি ও অবৈধ প্রভাব বিস্তারের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তিনি আরও জানান যে, সাম্প্রতিক ছাত্র-জনতার আন্দোলন চলাকালে বগুড়া জেলার দুপচাঁচিয়াসহ আরও কয়েকটি উপজেলা সমাজসেবা কার্যালয় সম্পূর্ণরূপে পুড়িয়ে দেয়া হয়েছে। সভাপতি পুড়ে যাওয়া অফিসসমূহের পুড়ে যাওয়া গুরুত্বপূর্ণ নথিসমূহের তালিকা যথাশীঘ্র সম্ভব প্রস্তুতের উপর গুরুত্বারোপ করেন।	১। ভাতা প্রদান কার্যক্রমে কেউ যেন প্রতারণার শিকার না হয়, সে দিকে নজর রাখতে হবে। ২। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। এক্ষেত্রে দুর্নীতি, অবৈধ প্রভাব বিস্তারের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। পুড়ে যাওয়া গুরুত্বপূর্ণ নথিরসমূহের তালিকা প্রস্তুত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী

২০	<u>বিএমডিএ:</u> নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২৪-২৫ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.৬০ লক্ষ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে ৯১৮১টি গভীর নলকূপ, ৩১৫টি এলএলপি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে অদ্যাবধি ২.৭০ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। বিগত ২০২৩-২৪ অর্থ বছরে বোরো মৌসুমে ৩.৭৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩.৯২ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। আসন্ন বোরো মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচযন্ত্রগুলো সার্বক্ষণিক সচল রাখাসহ প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল মজুদ রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী জানান যে, সেচ সুবিধা প্রদানের লক্ষ্যে নেসকো কর্তৃক সেচ কাজে সংযোগ এর আবেদনের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দ্রুততার সহিত সংযোগ প্রদান করা হয়ে থাকে।	১। আসন্ন বোরো মৌসুমে জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহের লক্ষ্যে সেচযন্ত্রগুলোতে অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।	১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) রাজশাহী ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
২১	<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:</u> উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জন সচেতনতামূলক প্রচার প্রচারণার অংশ হিসেবে জুন/২০২৪ মাসে নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা ও পরামর্শ প্রদান করা হয়েছে: সরকারি অফিসে ২৯টি, বেসরকারি অফিসে ১৮৬টি, বস্তিতে ৩০টি, শপিংমল/হাট বাজার/বিপণীবিতানে ১০৬টি, শিক্ষা প্রতিষ্ঠানে ৫১টি এবং বহুতল বা বাণিজ্যিক ভবনে ২৫টি মহড়া করা হয়েছে। ৩৭৭টি টপোগ্রফি ও গণসংযোগ করা হয়েছে। ০২টি সরকারি ও ২৬টি বেসরকারি প্রতিষ্ঠান সার্ভে করা হয়েছে। ০৪টি বহুতল ভবন পরিদর্শন করা হয়েছে। ১০১টি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানে ১৩০টি প্রশিক্ষণের মাধ্যমে ২৮৭৭ জনকে অগ্নি নির্বাপণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, ছাত্র-আন্দোলনের সময় রাজশাহী জেলার মোহনপুর ফায়ার স্টেশন ক্ষতিগ্রস্ত হয়েছে।	১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র স্থাপন ও সংরক্ষণ নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। অগ্নিকান্ড প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

২২	<u>যুব উন্নয়ন অফিস:</u> উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে । ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৩৭,১৩০ জন। জুন, ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি অর্জিত হয়েছে ৩৭,২৫২ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫,৬০৪ জন। জুন, ২০২৪ পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ৬,২৮৬ জনকে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে । নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। সভাপতি পরিকল্পিতভাবে প্রশিক্ষণসমূহ পরিচালনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ গ্রহণ করার পর কত জন কর্মযুক্ত হয়েছে এবং কত জন কর্মে নিয়োজিত হতে পারেনি সে বিষয়ে মনিটরিং করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	১। পরিকল্পিতভাবে প্রশিক্ষণসমূহ পরিচালনা করতে হবে। ২। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ৩। যুবদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
২৩	<u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:</u> পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি, স্টাফদের জন্য বাস সার্ভিস, মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ, সেলাই, ব্লক বাটিক, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সেবা প্রদান করা হয়ে থাকে। প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা, জেলা মাসিক সমন্বয় সভায় সেবাসমূহ সম্পর্কে সকলকে অবগত করা হয়। এছাড়াও কল্যাণ বোর্ডের প্রদত্ত নানাবিধ সেবার তালিকা এবং সেবা প্রদানের নিয়মাবলী সকলের অবহিতকরণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র যোগাযোগ করা হয়েছে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
২৪	<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u> এ বিভাগের সকল দপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

অতঃপর আলোচনা শেষে উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫-০৯-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার

০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০২.২৩.২৩১

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
৫। মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৬। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;
৭। মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক এর দপ্তর , মহাব্যবস্থাপক (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সিআরডি, রাজশাহী;
৮। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;
৯। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;
১০। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;
১১। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
১৪। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;
১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;
১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;
১৯। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
২০। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;
২২। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২৪। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
২৫। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;
২৬। অধিনায়ক, র‌্যাব-৫, রাজশাহী;
২৭। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;
২৮। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;
২৯। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৩০। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;
৩১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

৩২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;
৩৪। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;
৩৫। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;
৩৬। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;
৩৭। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;
৩৮। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;
৩৯। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;
৪০। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;
৪১। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;
৪২। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;
৪৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
৪৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৬। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৭। পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৪৮। পরিচালক (ইঞ্জি:), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নওদাপাড়া, রাজশাহী;
৪৯। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৫০। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৫১। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫২। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫৪। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;
৬৫। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী;
৬৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৭। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৮। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৯। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৭১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৭২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৭৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭৫। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭৬। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৭। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;

৭৮। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭৯। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৮০। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;
৮১। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৮২। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;
৮৩। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৮৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৮৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৮৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮৭। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮৮। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮৯। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৯০। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৯১। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;
৯২। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;
৯৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯৪। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;
৯৫। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯৬। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
৯৭। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৭-০৯-২০২৪
মোহাম্মদ কবির উদ্দীন
অতিরিক্ত বিভাগীয় কমিশনার

সকল সংযুক্তিসমূহ:

(১) Hajira 27.8.2024